157

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 15 1999 ...
পৃষ্ঠা: ১৬ কলাম ৩

# বিএম কলেজে ভাস্কর্য বেদী ভাংচুর ॥ ক্যাম্পাসে উত্তেজনা

**বরিশাল অফিস** ॥ সরকারী বিএম কলেজে চরম উত্তেজনা বিরাজ করিতেছে। বিএম কলেজের প্রতিষ্ঠাতা অশ্বিনীকুমার দত্তের ভাস্কর্য স্থাপনের জন্য নির্মিত বেদী

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## বিএম কলেজের ভাস্কর্য

(শেষ পৃষ্ঠার পর)

একদল মৌলবাদী গতকাল (শুক্রবার) জুম্মাবাদ ভাঙ্গিয়া ফেলায় ছাত্রদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হইয়াছে। ভাস্কর্যটি ক্যাম্পাসে অশ্বিনীকুমার হলের সম্মুখে স্থাপনের জন্য বেদী নির্মিত হয়। হলের তত্ত্বাবধায়ক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, ইসলামী ছাত্র মজলিস এই মিছিলে নেতৃত্ব দেয়। মিছিলকারীরা হল সুপার ও ভাস্কর্য নির্মিতা অলিউর রহমানের বিরুদ্ধে শ্লোগান দেয়। হলের ছাত্ররা জানায় হামলাকারীরা শাবল, কুড়াল ও লাঠিসোটা দিয়া বেদী গুড়াইয়া দেয়। গতকাল বিকালে এই ভাস্কর্য স্থাপনের কথা ছিল। অশ্বিনীকুমার দত্ত তাহার পিতা ব্রজমোহন দত্তের নামে কলেজটি স্থাপন করেন ১১০ বছর পূর্বে। এই কারণে অতি সম্প্রতি প্রতিষ্ঠাতার নামে ডিগ্রী ছাত্রাবাসের নামকরণ হয়। ছাত্রাবাসের ছাত্র অলিউর ভাস্কর্য নির্মাণ করেন। ক্যাম্পাসে মৌলবাদীদের হামলার নিন্দা করিয়া ছাত্রলীগ জেলা শাখা বিবৃতি দিয়াছে। নেতৃবৃন্দ অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও শাস্তির দাবী জানান।

এদিকে মসজিদ, মাদ্রাসা ও খানকা ঐক্য পরিষদ এক সংবাদবিজ্ঞপ্তিতে যাহারা ভাস্কর্য বেদী ভাঙ্গার সহিত জড়িত তাহাদের ভূমিকার প্রশংসা করিয়া বলেন, ভাস্কর্য স্থাপনের চেষ্টা করা হইলে উহা প্রতিরোধ করা হইবে।